"শেখ হাসিনার বারতা
নারী-পুরুষ সমতা"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রনালয়
আইন শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

নং-৩২.০০.০০০০.০২৯.১৪.০৫৪.১৩(অংশ-১)-**২৯৬** তারিখ : ১০/০৪/২০১৮ খ্রি:।

## সভার নোটিশ

মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের অধীন জয়িতা-র পণ্যের বৈচিত্রকরণ ও মানোন্নয়ন সংক্রান্ত কৌশল ও কার্যক্রম এবং দেশের নারী উদ্যোক্তাদের নিজস্ব উৎপাদিত, মূল্য সংযোজিত এবং বিপণন সম্ভাবনাময় পণ্য জয়িতা-য় সরবরাহের আগ্রহ ব্যক্তকরণের জন্য পত্রিকায় প্রকাশিতব্য বিজ্ঞপ্তি অনুমোদনের লক্ষ্যে এ মন্ত্রণালয়ের সচিব মহোদয়ের সভাপতিত্বে আগামী ১৭/০৪/২০১৮ তারিখ বেলা ১০.০০ ঘটিকায় মন্ত্রণালয়ের সভাকক্ষে (কক্ষ নং-৩২৩, ভবন নং-০৬, বাংলাদেশ সচিবালয়, ঢাকা) এক অন্ত:মন্ত্রণালয় সভা অনুষ্ঠিত হবে।

০২। উক্ত সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১০।০৪।১৮

(ফারজানা সুলতানা)
উপসচিব
ফোন: ৯৫১৪৬১৪

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :**

০১। অতিরিক্ত সচিব (প্রশাসন/ উন্নয়ন ও পরি:/শিশু ও সমন্বয়), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
০২। মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, ৩৭/৩ ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা।
০৩। নির্বাহী পরিচালক, জাতীয় মহিলা সংস্থা, ১৪৫ নিউ বেইলী রোড, ঢাকা।
০৪। ব্যবস্থাপনা পরিচালক, জয়িতা ফাউন্ডেশন, ধানমন্ডি, ঢাকা।
০৫। যুগ্মসচিব (সকল), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
০৬। উপসচিব/ উপপ্রধান (সকল), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৭। পরিচালক, বাংলাদেশ শিশু একাডেমী, দোয়েল চত্বর সড়ক, ঢাকা।
০৮। সি: সহকারী সচিব/ সি: সহকারী প্রধান (সকল), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

**অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :**

০১। উপসচিব, নিরাপত্তা-২ অধিশাখা, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা **[সভায় আগত অতিথিগণকে সচিবালয়ে প্রবেশের অনুমতির অনুরোধসহ]।**
০২। সচিব মহোদয়ের একান্ত সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। প্রোগ্রামার, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা **[নোটিশটি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]।**
০৪। সিনিয়র সহকারী সচিব (প্রশাসন-২), মহিলা বিষয়ক ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা **[সভায় আগত সদস্যগণের আপ্যায়নের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]**

# গণ বিজ্ঞপ্তি

সর্ব সাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সরকারের মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের আওতাধীন 'জয়িতা ফাউন্ডেশন' নামীয় একটি অলাভজনক ও স্ব-শাসিত প্রতিষ্ঠানের তত্ত্বাবধানে দেশের নারী উদ্যোক্তাদের উৎপাদিত, মূল্য সংযোজিত, প্রক্রিয়াজাত ও বিপনন সম্ভাবনাময় পণ্য ও সেবা আপাততঃ দেশে এবং অদূর ভবিষ্যতে বিদেশে বিপননের উদ্যোগ গ্রহন করা হয়েছে। এজন্য রাজধানীসহ দেশের সকল বিভাগীয় সদরে জয়িতা ফাউন্ডেশনের মালিকানা ও তত্ত্বাবধানে বিপনন নেটওয়ার্ক গড়ে তোলা হচ্ছে। এ বিপনন নেটওয়ার্কের মাধ্যমে শুধুমাত্র দেশের নারী উদ্যোক্তাদের পণ্য ও সেবা বিপননের জন্য 'জয়িতা' নামে অনন্য, বিশ্বস্থ, জনপ্রিয় ব্র্যান্ড ইমেজ পর্যায়ক্রয়ে গড়ে তোলার কর্মকৌশল গ্রহন করা হয়েছে।

জয়িতা ফাউন্ডেশন কর্তৃক গৃহীত কর্মকৌশলের অংশ হিসাবে নারী উদ্যোক্তাদের পণ্য ও সেবা বিপনন সহায়তাদানের জন্য 'জয়িতা'-র ব্র্যান্ড ইমেজ উত্তরোত্তর বৃদ্ধির লক্ষ্যে পণ্য ও সেবা নির্বাচনের ক্ষেত্রে গুণগত ও নান্দনিক মান এবং যুক্তিসংগত মূল্য নিয়ন্ত্রন নীতি অনুসরণ করা হবে। অপরদিকে ব্যবসা অঙ্গনে নারীর অংশগ্রহন উত্তরোত্তর বৃদ্ধির জন্য নারী উদ্যোক্তা উন্নয়ন ও ব্যবসার প্রকৃতিতে বৈচিত্র আনয়নের জন্য জয়িতা ফাউন্ডেশনের পক্ষ হতে দক্ষতা ও ব্যবস্থাপনামূলক প্রশিক্ষণসহ সম্ভাব্য সকল ধরনের সহায়তা সেবা (Support Service) প্রদান করা হবে।

উপরোক্ত প্রেক্ষাপটে, জয়িতা ফাউন্ডেশনের তত্ত্বাবধানে পরিচালিত জয়িতা বিপনন নেটওয়ার্কে পণ্য ও সেবা যোগানদানের জন্য নিম্নবর্ণিত নিয়মাবলী ও শর্তসমূহ অনুসরণ সাপেক্ষে নারী উদ্যোক্তা তালিকাভূক্তির জন্য গণ বিজ্ঞপ্তী জারী করা হয়েছে ঃ

নিয়মাবলী ঃ

১। প্রাথমিকভাবে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে ব্যক্তি নারী উদ্যোক্তা/উদ্যোক্তা সমিতি তালিকাভূক্ত করা হবে।

২। ব্যক্তি নারী উদ্যোক্তা/উদ্যোক্তা সমিতির ব্যবস্থাপনা সক্ষমতা, প্রাতিষ্ঠানিক সক্ষমতা, স্থায়ীত্বশীলতা ও যোগানকৃত পণ্য/সেবা-র Market Response ইত্যাদি বিবেচনাক্রমে ক্রমান্বয়ে সুনির্দ্দিষ্ট ক্যাটাগরী ভিত্তিক স্থায়ী যোগানদাতা হিসাবে তালিকাভূক্ত করা হবে।

৩। অস্থায়ী ভিত্তিতে তালিকাভূক্ত নারী উদ্যোক্তাগণকে প্রয়োজনীয় প্রশিক্ষণ সহায়তা যুক্তিসংগত সময় ব্যাপী প্রদান করা হবে।

৪। স্থায়ী যোগানদাতা হিসাবে যোগ্যতা অর্জনকারী ব্যক্তি নারী উদ্যোক্তা/উদ্যোক্তা সমিতিকে যোগানকৃত পণ্য/সেবা-র প্রকৃতি অনুসারে উপযুক্ত ধরনের প্রণোদনা প্যাকেজ প্রদান করা হবে।

শর্তাবলী ঃ

১। পণ্য/সেবা নির্বাচন ও বাছাই এর ক্ষেত্রে বিপনন সম্ভাবনা, গুণগত ও নান্দনিক মান বিবেচনায় জয়িতা ফাউন্ডেশনের সিদ্ধান্ত চূড়ান্ত হিসাবে গণ্য হবে।

২। জয়িতা বিপনন কেন্দ্রের মাধ্যমে পণ্য/সেবা বিপননের জন্য যোগানদানকারী ব্যক্তি নারী উদ্যোক্তা/উদ্যোক্তা সমিতিকে প্রতিটি পণ্য/সেবা বিক্রয়োত্তর সার্ভিস চার্জ জয়িতা ফাউন্ডেশনকে প্রদান করতে হবে।

৩। আদায়কৃত সার্ভিস চার্জ দ্বারা জয়িতা বিপনন কেন্দ্রের সার্বিক পরিচালনা ব্যয় ও প্রমোশনাল কার্যক্রমের ব্যয় নির্বাহ করা হবে।

৪। জয়িতা ফাউন্ডেশনের বোর্ড অব গভর্ণরস আদায়যোগ্য সার্ভিস চার্জের হার নির্ধারণ ও সময় সময়ে তা পুন:নির্ধারণ করবে।

৫। জয়িতা ফাউন্ডেশনের Quality Control Team যোগানদাতা ব্যক্তি নারী উদ্যোক্তা/উদ্যোক্তা সমিতির ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধির সাথে আলোচনাক্রমে নির্বাচিত পণ্য/সেবা-র উৎপাদনব্যয় ও যুক্তিসংগত মুনাফা নির্ধারণ করত: প্রতিটি পণ্য/সেবা-র বিক্রয় মূল্য (Unit Sale Price) নির্ধারণ করবে।

৬। নির্বাচিত প্রতিটি পণ্য/সেবার উৎপাদন ব্যয়, মুনাফা ও সার্ভিস চার্জ ইত্যাদি তথ্যসহ যোগানদাতা ব্যক্তি নারী উদ্যোক্তা/উদ্যোক্তা সমিতির নাম **Computer Generated** বার কোডসহ জয়িতা বিপনন কেন্দ্রের **Stock Register** এ অন্তর্ভূক্ত করা হবে।

৭। জয়িতা ফাউন্ডেশনের তত্ত্বাবধানে পরিচালিত জয়িতা বিপনন কেন্দ্রগুলির বিপনন ব্যবস্থাপনা সম্পূর্ণ জয়িতা ফাউন্ডেশন কর্তৃক নিয়ন্ত্রন ও পরিচালনা করা হবে।

৮। ৬ নং শর্ত অনুসারে জয়িতা বিপনন কেন্দ্রের **Stock Register** এ অন্তর্ভূক্ত পণ্য/সেবা যুক্তিসংগত সময়ের জন্য জয়িতা বিপনন কেন্দ্রে যথাযথভাবে প্রদর্শন **(Display)** করা হবে।

৯। অনুরূপভাবে প্রদর্শনকালীন সময়ের মধ্যে পণ্য/সেবা বিক্রয় হলে পণ্য/সেবা-র পূর্ব নির্ধারিত উৎপাদনমূল্য ও মুনাফা তাৎক্ষনিকভাবে যোগানদাতা ব্যক্তি নারী উদ্যোক্তা/উদ্যোক্তা সমিতির ব্যাংক হিসাবে **On line** এ স্থানান্তরিত হবে।

১০। অনুরূপভাবে পণ্য/সেবার পূর্ব নির্ধারিত সার্ভিস চার্জ বিক্রয়োত্তর জয়িতা ফাউন্ডেশনের যথাযথ হিসাবে **On line** এ স্থানান্তরিত হবে।

১১। জয়িতা বিপনন কেন্দ্রে যুক্তিসংগত সময়ব্যাপী যথাযথভাবে প্রদর্শন (**Display**) এর পরও যদি কোন পণ্য বিক্রয় না হয়, তবে পণ্য জয়িতা বিপনন কেন্দ্রের **Discount** কর্ণারে **Discounted Price** এ যুক্তি সংগত সময়ের জন্য **Display** করা হবে। **Discounted Price** এ পণ্যটি বিক্রয় হলে **Discount** এর অনুপাতে মুনাফাসহ (যদি থাকে) উৎপাদনমূল্য যোগানদাতা ব্যক্তি নারী উদ্যোক্তা/উদ্যোক্তা সমিতির ব্যাংক হিসাবে **On line** এ স্থানান্তর হবে এবং **Service Charge** জয়িতা ফাউন্ডেশনের যথাযথ ব্যাংক হিসাবে **On line** এ স্থানান্তর হবে।

১২। যদি পণ্য **Discounted Price** এ **Discount** কর্ণার হতে ঐ সময়ের মধ্যে বিক্রয় না হয় তবে যোগানদাতা ব্যক্তি নারী উদ্যোক্তা/উদ্যোক্তা সমিতি পণ্য ফেরত নিতে বাধ্য থাকবেন।

১৩। যেহেতু জয়িতা ফাউন্ডেশন একটি অলাভজনক প্রতিষ্ঠান হিসাবে পণ্য/সেবা বিক্রয়োত্তর মুনাফা অর্জনের ম্যান্ডেট নেই সেহেতু জয়িতা ফাউন্ডেশন কোন পণ্য/সেবা ক্রয় করবে না বা কোন পণ্য/সেবা-র বিপরীতে অগ্রীম মূল্য পরিশোধ করবে না।

১৪। জয়িতা ফাউন্ডেশনের নিয়ন্ত্রনে পরিচালিত প্রতিটি জয়িতা বিপনন কেন্দ্রের বিপনন ব্যবস্থাপনা সম্পূর্ণ **IT Based** হবে। প্রতিটি বিপনন কেন্দ্রের অভ্যন্তরীন পরিচালনা **Web based CCTV** এর সার্বক্ষনিক নজরদারীতে থাকবে।

১৫। পণ্য/সেবা যোগানদাতা ব্যক্তি নারী উদ্যোক্তা/উদ্যোক্তা সমিতি এবং বিপনন কেন্দ্রসমূহের পরিচালনার দায়িত্বে নিয়োজিত ব্যক্তিবর্গের পারস্পারিক স্বচ্ছতা ও দায়বদ্ধতা নিশ্চিতকরনের লক্ষ্যে সার্বিক ব্যবস্থাপনায় তথ্য প্রযুক্তির সর্বোচ্চ ব্যবহার নিশ্চিত করা হবে।

১৬। সম্ভাব্য ক্ষেত্রে কোন বিশেষ পণ্যের গুণগত মান সুনিশ্চিত করার লক্ষ্যে একটি নারী উদ্যোক্তা গ্রুপকে জয়িতা ফাউন্ডেশনের তত্ত্বাবধানে সংগঠিত করে তাঁদের মাধ্যমে বাণিজ্যিক ভিত্তিতে মানসম্মত কাঁচামালের যোগান নিশ্চিত করা হবে।

১৭। দেশের প্রত্যন্ত অঞ্চলে ছড়িয়া থাকা জয়িতা বিপনন কেন্দ্রে পণ্য যোগানদানকারী নারী উদ্যোক্তাদের পণ্য জয়িতা-র বিভিন্ন বিপনন কেন্দ্রে সুচারুভাবে পরিবহনের জন্য জয়িতা ফাউন্ডেশনের তত্ত্বাবধানে এক বা একাধিক নারী উদ্যোক্তা গ্রুপ সংগঠিত করা হবে।

১৮।জয়িতা বিপনন কেন্দ্রের পণ্য/সেবা **On line** এ বিপনন ব্যবস্থাপনা জয়িতা ফাউন্ডেশন কর্তৃক সম্পন্ন করা হবে।

১৯। জয়িতা বিপনন কেন্দ্রে পণ্য/সেবা যোগানদানের জন্য অস্থায়ী/স্থায়ী ব্যক্তি নারী উদ্যোক্তা/উদ্যোক্তা সমিতি অন্য কোন ব্যবসা প্রতিষ্ঠানে পণ্য/সেবা যোগান দিতে পারবেন না।

২০। জয়িতা বিপনন কেন্দ্রে যোগানদানকারী অস্থায়ী/স্থায়ী ব্যক্তি নারী উদ্যোক্তা/উদ্যোক্তা সমিতি একে অপরের পণ্যের ডিজাইন নকল করে পণ্য সরবরাহ করতে পারবেন না।

২১। জয়িতা-র ব্র্যান্ড ইমেজের সুরক্ষা ও তা উত্তরোত্তর বৃদ্ধির লক্ষ্যকে সামনে রেখে জয়িতা বিপনন কেন্দ্রগুলি পরিচালনার ক্ষেত্রে উপরোক্ত নিয়মাবলী ও শর্তাবলী সময়ে সময়ে পরিবর্তন, পরিবর্ধন, সংযোজন ও বিয়োজনসহ সকল ধরনের সংস্কারের ক্ষমতা জয়িতা ফাউন্ডেশন সংরক্ষণ করবে।

উপরোক্ত নিয়মাবলী ও শর্তাবলীতে সম্মতি সাপেক্ষে সকল ব্যক্তি নারী উদ্যোক্তা/উদ্যোক্তা সমিতি তাঁদের নিজস্ব উৎপাদিত, মূল্য সংযোজিত, প্রক্রিয়াজাত বিপনন সম্ভাবনাময় পণ্য/সেবা বিপননের জন্য জয়িতা ফাউন্ডেশনের সাথে যোগাযোগ করার জন্য অনুরোধ করা যাচ্ছে।

ব্যবস্থাপনা পরিচালক
জয়িতা ফাউন্ডেশন
বাড়ী নং-৪০৫/বি (পুরাতন)২০/এ (নতুন),
রোড নং-২৭ (পুরাতন) ১৬ (নতুন), ধানমন্ডি, ঢাকা।
ওয়েব এড্রেস- joyeeta.portal.gov.bd